

# ন্যাচারোস্যালাইন

ডায়রিয়া বা পাতলা পায়খানা জনিত পানি স্বল্পতা পূরণের জন্য

## বিবরণ :

ন্যাচারোস্যালাইন পাতলা পায়খানা জনিত দেহের পানি স্বল্পতা, দেহে ইলেক্ট্রোলাইটস এর অভাব, দান্ত, উদরাময়, বমি, বমিভাব, খাদ্যে বিষক্রিয়া ও তজ্জনিত পেটব্যথায কার্যকর। ন্যাচারোস্যালাইন ডায়রিয়া এবং ডিসেন্ট্রির কোন প্রতিরোধক মেডিসিন না বরং ইহা দেহের লবণ ও পানি স্বল্পতা দূর করে দেহকে সুন্দর ও স্বাস্থ্য সম্মত রাখবে।

উপাদান : প্রতি ১০.২৫ গ্রাম এ আছে

সোডিয়াম ক্লোরাইড	১.৭৫ গ্রাম
সোডিয়াম সাইট্রেট	১.৪৫ গ্রাম
পটাশিয়াম ক্লোরাইড	০.৭৫ গ্রাম
সুক্রোজ	১০.০০ গ্রাম

এবং অন্যান্য উপাদান

(সূত্র : আবে নমক শিরিন, বা. জা.ই.ফ) ইউনানী ঔষধ

রোগ নির্দেশ : \* পাতলা পায়খানা জনিত দেহের পানি স্বল্পতা \* দেহে ইলেক্ট্রোলাইটস এর অভাব \* দান্ত বা উদরাময় \* বমি \* বমিভাব \* খাদ্যে বিষক্রিয়া ও তজ্জনিত পেটব্যথা।

সতর্কতা : গরম পানিতে ন্যাচারোস্যালাইন মেশাবেন না বা মেশানো পানীয় গরম করবেন না। ১২ ঘন্টা পর মেশানো পানীয় ফেলে নতুন করে ন্যাচারোস্যালাইন তৈরী করুন।

পরামর্শ : ন্যাচারোস্যালাইন খাওয়াকালীন সময়ে শিশুকে বুকের দুধসহ সব ধরনের স্বাভাবিক খাবার খেতে দিন বড়দের স্বাভাবিক ও সহজপাচ্য খাবার দিতে হবে।

সেবন বিধি : শিশু (২ বছরের নীচে বয়স): প্রতি বার পাতলা পায়খানার পর ১০-২০ চা চামচ করে, ২-১০ বছরের শিশুদের ক্ষেত্রে আধা গ্লাস হতে ১ গ্লাস করে ন্যাচারোস্যালাইন মেশানো পানি এবং ১০ বছরের অধিক ও পূর্ণবয়স্কদের ১-২ গ্লাস করে ন্যাচারোস্যালাইন মেশানো পানি পান করতে হবে।

প্রতিনির্দেশ : কোন প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া : নির্ধারিত মাত্রায় সেবনে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সংরক্ষণ : আলো ও আর্দ্রতা থেকে দূরে, শুষ্ক ও ঠান্ডা স্থানে রাখুন।

পরিবেশনা : ১০.২৫ গ্রাম x ২০ স্যাচেট বক্স।



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ

গাজীপুর-বাংলাদেশ